



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ-২(এসএমই)

ফোন : ৯৫৬০৭৩৭
পিএবিএন : ১৫৬০০২১-২২
(এক্সটেনশন-২৪০)
E-mail : dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/ ক্রেবি-২(এসএমই)-৭(৫)/২০১৮-১৯/৮৫০(১২৫০)

তারিখ : ১৬.০৬.২০১৯

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
ও
স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থবছরে এসএমই এর আওতায় ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এসএমই বিভাগের ০১.০৮.২০১৮ তারিখের পত্র নং-২৯ (১১৫০) এর মাধ্যমে ২০১৮-১৯ অর্থ বছরের এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা এবং ০৫/০৮/২০১৮ তারিখের পত্র নং-৩২(১১৫০) এর মাধ্যমে ২০১৮-১৯ অর্থ বছরের এসএমই ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন করার জন্য সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়ে পত্র জারী করা হয়। উল্লেখ্য যে, বর্তমান অর্থবছরের ১১ মাসেরও বেশি সময় অভিহিত হওয়া সত্ত্বেও কোন বিভাগই এসএমই খাতে ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। লক্ষ্যমাত্রার বিপরীতে মোট গড় অর্জনের হার ৪৪% যা খুবই হতাশাব্যঞ্জক। ৩০.০৫.২০১৯ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ অবস্থা নিম্নরূপঃ

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা		লক্ষ্যমাত্রার বিপরীতে	
		বার্ষিক লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার (%)	
১	ঢাকা	৭৯৫.০০	২৮৯.০৩	৩৬%	
২	ময়মনসিংহ	২৩৩.০০	১২০.৯৭	৫২%	
৩	চট্টগ্রাম	২৫৫.০০	১৫১.২৭	৫৯%	
৪	খুলনা	৩৯৮.০০	১২৭.৯৪	৩১%	
৫	বরিশাল	৭০.০০	৪০.৯৪	৫৮%	
৬	সিলেট	১৪৬.০০	৮৫.৫৮	৫৮%	
৭	কুমিল্লা	৩৩৯.০০	১৭০.০৫	৫০%	
৮	ফরিদপুর	২৮৭.০০	১১৭.০৩	৪১%	
৯	কুষ্টিয়া	২০২.০০	১৩০.৮৪	৬৫%	
১০	এলপিও	৭৭৫.০০	২৯৯.৬৩	৩৯%	
	মোটঃ	৩৫০০.০০	১৫৩৩.২৮	৪৪%	

০৩। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়ঃ

কোন বিভাগই এসএমই ঋণ বিতরণে বার্ষিক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। ঢাকা, খুলনা ও স্থানীয় মুখ্য কার্যালয় এর অর্জন ৪০% এর কম যা খুবই উদ্বেগজনক। এছাড়া ময়মনসিংহ, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, কুমিল্লা, ফরিদপুর ও কুষ্টিয়া বিভাগের ঋণ বিতরণ সন্তোষজনক হয় নি।

০৪। লক্ষ্যমাত্রার বিপরীতে ঋণ বিতরণ সন্তোষজনক নয় বিধায় আরও অধিক সংখ্যক গুণগত মানসম্পন্ন নতুন ঋণ বিতরণের মাধ্যমে চলতি অর্থবছরের অবশিষ্ট সময়ের মধ্যে বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। এসএমই ঋণ বিতরণ, আদায় ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণে এসএমই বিভাগ হতে সময়ে সময়ে পত্র জারী করা হলেও ঋণ বিতরণ পরিস্থিতি কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নীত হয়নি। মাঠ কার্যালয় সমূহের ব্যবসায়িক ক্ষমতা সর্বোচ্চ স্হাবহার করে যথানিয়মে ও দ্রুততম সময়ে এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা বাস্তবায়নকল্পে জুন/২০১৯ সময়কালের মধ্যে এসএমই খাতের ঋণ বিতরণ ও আদায় লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হলো।

উল্লেখ্য যে, বিগত অর্থবছরে জুন/২০১৮ সিএল বিবরণীর এসএমই ঋণের স্থিতির সাথে হিসাব সমাপনীর সাপ্তাহিক বিবরণীতে প্রদর্শিত এসএমই ঋণের স্থিতির গড়মিল পরিলক্ষিত হওয়ায় বাংলাদেশ ব্যাংকের নিকট অত্র বিভাগকে জবাবদিহি করতে হয়েছে যার ফলে অত্র ব্যাংকের ভাবমূর্ত্তি ক্ষুণ্ণ হয়েছে। জুন/২০১৯ সময়কালে এসএমই ঋণের সিএল বিবরণীর স্থিতির সাথে মাসিক হিসাব সমাপনীর সাপ্তাহিক বিবরণীতে প্রদর্শিত এসএমই ঋণের মোট স্থিতি সমান রেখে প্রতিবেদন প্রেরণের নিমিত্তে শাখাসমূহকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

স্বাক্ষর বিহীন,
(জামশাদ হোসান) ২৬.৬.১৯
উপ- মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ১/২ এর সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ/ আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (তাকে পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

০৪। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৬। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক এর মাধ্যমে)।

০৭। নথি/ মহানথি।